

গোপাল বিশ্বাস উমাচরণ বিশ্বাস।
 পাগলকে দেখে মনে বাড়িল উল্লাস।।
 উখলিল প্লেমবন্যা করিছে রোদন।
 পাগলকে করিলেন অর্চন বন্দন।।
 ‘জয়হরি গৌরহরি’ বলে বার বার।
 সিংহের গর্জন সম দিতেছে হুঙ্কার।।
 গোপাল বিশ্বাস উমাচরণ কহিছে।
 এই বাজারেতে এক দারোগা এসেছে।।
 কোন এক মোকর্দ্দমা আসামী ধরিতে।
 নরহত্যা আসামীর আঙ্কারা করিতে।।
 কোন কোন লোকের করেছে অপমান।
 চুপে চুপে এইখানে করুন প্রস্থান।।
 শুনিয়া পাগল আরো গর্জিল দ্বিগুণ।
 ‘আমি ভয় করিব করেছি কারে খুন।’
 ‘জয়রাম গৌরহরি’ বলিয়া বলিয়া।
 হুঙ্কার ছাড়িয়া ভ্রমে বাজার বেড়িয়া।।
 লোকে বলে পাগল আসিল কোথা হতে।
 দারোগা বলে ‘পাগল হইল কি মতে।।
 তাহা শুনি পাগল করিয়া হু-হুঙ্কার।
 লক্ষ দিয়া পড়ে দারোগার নৌকা পর।।
 আর লক্ষ দিয়া পড়ে দারোগার ঠাই।
 দারোগা বলেন ‘পদে রেখ হে গৌসাই।।
 বাজার বাহির হ’য়ে ধাইল পাগল।
 ক্ষণে ‘রাম রাম’ ক্ষণে ‘গৌরহরি’ বোল।।
 একটি বেদের মেয়ে আসিয়া সেখানে।
 হরিবলে কাঁদে বারি ঝরে দু’নয়নে।।
 পাগলের পদে পড়ে করিছে রোদন।
 বলে ‘বাবা দয়া করি দেহ শ্রীচরণ।।
 আপনার জন্য কিছু দধি রাখিয়াছি।
 দয়া করি খাও যদি তবে আমি বাঁচি।।
 আমি ত বেদের মেয়ে যবনের ঘরে।
 কোন সাহসেতে দধি দিব হে তোমারে।।

পাগল কহিছে ‘তুমি কি ব্যবসা কর?
 সে মেয়ে কহিছে ‘সব জানিবারে পার।।
 মনোহারী মাল লয়ে পাঁড়াগায় ভ্রমি।
 একদরে কিনি একদরে বেচি আমি।।
 কেহ যদি দায় ঠেকে, করি উপকার।
 সাধ্য অনুযায়ী যাহা যার দরকার।।
 উপকার অর্থে, অর্থ কা’রে যদি দেই।
 দিতে যদি পারে তার সুদ নাহি নেই।।
 তবে যদি সেই নিজে খুশী হ’য়ে দেয়।
 চাহিয়া কাহার কাছে করি না আদায়।।
 শুনিয়া পাগল তার মস্তক চুম্বিল।
 পরে দধি এনে দিল পাগল খাইল।।
 সে স্থল হইতে যাত্রা করিল যখন।
 সে স্থল হইতে চলিল উমাচরণ।
 উমাচরণের বাড়ী হৈল উপনীত।
 ঘাটে গিয়া দাঁড়াইয়া রহে এক ভিত।।
 পুনঃ এসে বাড়ী পরে যত হাঁড়ি ছিল।
 বাহিরের ভাঙ্গা হাঁড়ি পাগল আনিল।।
 রাইচরণকে কহে ‘কুড়াইয়া দেও।
 অকর্মা কলসী হাঁড়ি আমায় যোগাও।’
 চারি-পাঁচ বাড়ী যত কলসী বা হাঁড়ি।
 মজুত করিল উমাচরণের বাড়ী।।
 পাগল চলিল ঘাটে হাঁড়ি কুস্ত লয়ে।
 রাই যোগাইয়া দেয় পিছু পিছু গিয়ে।।
 তাহা দেখি হাঁড়ি উমাচরণ দিতেছে।
 দু’জনে জোগায় নিয়া পাগলের কাছে।।
 ভাঙ্গা হাঁড়ি যত নি’ছে পাগল নিকটে।
 আছাড়িয়া ভাঙ্গিতে লাগিল সেই ঘাটে।।
 বাহিরের হাঁড়ি সব ভাঙ্গা হয়ে গেল।
 ‘আন্ আন্ আন্’ শব্দ করিতে লাগিল।।
 তাহা শুনি উমাচরণের বৃদ্ধা মাতা।
 বলে উমা বল্ আর হাঁড়ি পাবি কোথা।।’